

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ ثَلَاثَةٍ فِي قَرْيَةٍ وَلَا بَدْوٍ لَا تُقَامُ فِيهِمُ الصَّلَاةُ إِلَّا قَدِ اسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ فَعَلَيْكَ بِالْجَمَاعَةِ فَإِنَّمَا يَأْكُلُ الذِّبِّبُ الْقَاصِيَةَ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤْد وَالنَّسَائِي

বাংলা

১০৬৭-[১৬] আবুদ্ দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যে গ্রামে বা জঙ্গলে তিনজন মানুষ বসবাস করবে, সে স্থানে জামা'আতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা না হলে তাদের ওপর শায়ত্বন (শয়তান) জয়ী হয়। অতএব তুমি জামা'আতকে নিজের জন্যে অপরিহার্য করে নাও। কারণ দলচ্যুত ছাগলকে নেকড়ে বাঘ ধরে খেয়ে ফেলে। (আহমাদ, আবূ দাউদ, নাসায়ী)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাউদ ৫৪৭, আহমাদ ২৭৫১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَدِ اَسْتَحُوْذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ) "শায়ত্বন (শয়তান) তাদের উপর আধিপত্য বিস্তার করে" অর্থাৎ শায়ত্বন (শয়তান) তাদের ওপর বিজয়ী হয়ে এভাবে চেপে বসে যে, সে তাদেরকে তার অভিমুখী করে ফেলে এবং তাদের অন্তর থেকে আল্লাহর স্মরণ বিদূরীত করে ফেলে।

(فَعَلَيْكَ بِالْجَمَاعَةِ) "তুমি জামা'আতকে আঁকড়িয়ে ধরো" কেননা শায়ত্বন (শয়তান) জামা'আত থেকে দূরে থাকে এবং যে ব্যক্তি জামা'আত থেকে বিচ্ছিন্ন হয় তার ওপর চেপে বসে। পাল থেকে বিচ্ছিন্ন ছাগল রাখালের দৃষ্টি থেকে দূরে থাকার কারণে যেরূপ তা বাঘে খেয়ে ফেলে অনুরূপভাবে জামা'আত থেকে বিচ্ছিন্ন হয়ে যে ব্যক্তি



একাকী সালাত আদায়ে অভ্যস্ত হয়ে যায় শায়ত্বন (শয়তান) তার ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত করে।

এ হাদীস থেকে বুঝা যায় যে, জামা'আতে সালাত আদায় করা ওয়াজিব।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন